

বাংলাদেশ প্রেস কাউন্সিল

৪০, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

মামলা নং-২/২০১৯

আলহাজ্ব মো: জয়নাল আবেদীন
পিতা: মরহুম আব্দুর রহিম
ঠিকানা: ৫৬ নং এস এম সালেহ রোড
থানা ও জেলা: নারায়ণগঞ্জ।

ফরিয়াদি

বনাম

জনাব আরিফ আলম দীপু
সম্পাদক
দৈনিক শীতলক্ষা
৭৩ সিরাজদৌল্লা রোড, কালীরবাজার
চারারগোপ, নারায়ণগঞ্জ।

প্রতিপক্ষ

জুডিশিয়াল কমিটির উপস্থিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দ :

১। বিচারপতি মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ	চেয়ারম্যান
২। খন্দকার মুনিরুজ্জামান	সদস্য
৩। জনাব আবদুল মজিদ	সদস্য

ফরিয়াদি	: অনুপস্থিত
প্রতিপক্ষ	: উপস্থিত
শুনানির তারিখ	: ১০/০৩/২০২০খ্রি:
আদেশের তারিখ	: ১০/০৩/২০২০খ্রি:

আদেশ

অদ্য মামলাটির শুনানির দিন ধার্য আছে। ফরিয়াদি অনুপস্থিত। প্রতিপক্ষ হাজিরা দাখিল করে আদালতে উপস্থিত আছেন। প্রতিপক্ষ নিবেদন করেন যে, ফরিয়াদি ও প্রতিপক্ষ আদালতের বাইরে তাঁদের বিরোধ আপোশ মিমাংসা করেছেন। এর প্রেক্ষিতে একটি হলফনামা আদালতে দাখিল করেছেন এবং প্রতিপক্ষ তাঁর পত্রিকায় ফরিয়াদির সম্পর্কে ভবিষ্যতে আপত্তিজনক সংবাদ/প্রতিবেদন প্রকাশ করবেন না মর্মে প্রতিশ্রুতি প্রদান করেছেন। ফরিয়াদি এফিডেভিট এ উল্লেখিত কারণাদিতে মামলা চালাতে ইচ্ছুক নন বিধায় মামলাটি নিষ্পত্তি করার জন্য আবেদন করেন। এফিডেভিট মূলে আপোশ মিমাংসা বিধিসম্মত হওয়ায় বিনা খরচে মামলাটি নিষ্পত্তি করা হলো। আপোশ মিমাংসানামা নথিতে সংরক্ষণ করা হোক।

স্বাক্ষরিত/-

বিচারপতি মোহাম্মদ মমতাজ উদ্দিন আহমেদ
চেয়ারম্যান

আমি একমত,

স্বাক্ষরিত/-

খন্দকার মুনিরুজ্জামান
সদস্য

আমি একমত,

স্বাক্ষরিত/-

জনাব আবদুল মজিদ
সদস্য